



# বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিএসআরআই/এন-১/২০১৮/১৬৬৪

তারিখ-০৭/০২/২০১৮

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী, পাবনা এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ-

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা (টি)	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী শিক্ষক (গণিত- ১টি, পদার্থ বিজ্ঞান- ১টি ও বাংলা- ১টি) ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	০৩ টি	সর্বোচ্চ ৩০ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ বি.এড ডিগ্রী; এবং (খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় অনূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; (গ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

নিম্নলিখিত বিবরণসহ আবেদনপত্র 'মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী-৬৬২০, পাবনা' বরাবরে আগামী ০৬/০৩/২০১৮ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'মডেল ফরম' অনুযায়ী আবেদন করতে হবে যা **Website: [www.bsri.gov.bd](http://www.bsri.gov.bd)** এ পাওয়া যাইবে।
- আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবেঃ
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের অনুলিপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের কোটার ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।
- চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধি, জেলা কোটা, মুক্তিযোদ্ধা কোটা, উপজাতীয় কোটা, মহিলা কোটা, প্রতিবন্ধী কোটা সহ অন্যান্য বিশেষ কোটা ও সরকারী বিধি-বিধানসহ সরকারের সর্বশেষ অপর্যাপ্ত যাবতীয় বিধি-বিধান/আদেশ অনুসরণ করা হইবে।
- আবেদনপত্রের সহিত মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট শাখা, ঈশ্বরদী, পাবনা বরাবর জনতা ব্যাংক লিমিটেড এর যেকোন শাখা হইতে সকল পদের জন্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করিতে হইবে।
- প্রার্থিত পদের নাম ও প্রেরকের ঠিকানা ও কোটার নাম (যদি থাকে) খামের উপর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।
- মুক্তিযোদ্ধা, উপজাতীয় এবং প্রতিবন্ধীদের কোটায় প্রার্থীতার স্ব-পক্ষে প্রমাণপত্র উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করিয়া আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
- প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকেই লিখিত পরীক্ষায় ডাকা হইবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই মৌখিক পরীক্ষায় ডাকা হইবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হইবার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- নিয়োগযোগ্য পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকিবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র বাতিলসহ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

০৭/০২/২০১৮

প্রধান, প্রশাসন বিভাগ

বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা